গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান
বিএমএসআর সেল
মহাখালী, ঢাকা-১২১২।
ফোনঃ ২২২২৮১৫৫০, ফ্যাক্সঃ ০২-২২২২৯৮৬৭১, ই-মেইলঃ bmsreg.iphn@gmail.com, iphn.gov@gmail.com

স্মারক নং-আইপিএইচএন/বিএমএস-বিবিধ/২০১৮/৪৮/.....২২৫.......     তারিখঃ ....০৭..../.....০৬..../২০২৩ইং

**মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি (বিপণন নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর বিধি-নিষেধ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

মাতৃদুগ্ধ বিকল্প, শিশুখাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্যের নীতি বহির্ভূত বিপণন কার্যক্রম নিয়ন্ত্রণের মাধ্যমে পণ্যসমূহের অযৌক্তিক ব্যবহার রোধ করা এবং মাতৃদুগ্ধকে সুরক্ষা প্রদান করে শিশুর সর্বোচ্চ পুষ্টি প্রাপ্তি নিশ্চিতকল্পে আইনের আওতাধীন চারটি পণ্য (মাতৃদুগ্ধ বিকল্প, শিশুখাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য এবং এগুলোর ব্যবহারের সরঞ্জামাদি)-এর বিষয়ে পণ্যসমূহের আমদানিকারক, উৎপাদনকারী, বিপণনকারী, বিক্রয়কারী ও বিতরনকারীসহ যে কোনো ব্যক্তি তথা কোম্পানি, সমিতি, সংস্থা, ব্যক্তিসমষ্টিকে নিম্নোক্ত বিধি-নিষেধ প্রতিপালন করতে হবে:

১। আইনের অধীন নিবন্ধন ব্যতীত আইনের আওতাধীন পণ্যসমূহ আমদানি, স্থানীয়ভাবে উৎপাদন, বিপণন, বিক্রয় বা বিতরণ করতে পারবেন না; [ধারা-৫]

২। পণ্যসমূহের কোন বিজ্ঞাপন মুদ্রণ, প্রদর্শন, প্রচার বা প্রকাশ করবেন না বা অনুরূপ কোনো কাজে নিজেকে নিয়োজিত করতে পারবেন না; [ধারা ৪ (১)]

৩। পণ্যসমূহের বিজ্ঞাপন আছে এমন লিফলেট, হ্যান্ডবিল বা অনুরূপ দলিল জনগণের বিশেষতঃ স্বাস্থ্য, পুষ্টি বা শিক্ষাক্ষেত্রের সাথে জড়িত ব্যক্তি ছাত্রছাত্রী বা তাদের পরিবারের সদস্যদের নিকট বিতরন করতে পারবেন না; [ধারা ৪ (১)-ক]

৪। পণ্যসমূহের বিক্রয় উৎসাহিত বা প্রলুব্ধ করার লক্ষ্যে কোনো ব্যক্তিকে উপহার সামগ্রী, ডিসকাউন্ট কুপন, মূল্যহ্রাস বা বিনামূল্যে কোনো সামগ্রী প্রদান করতে পারবেন না এবং প্রদানের কোনোরূপ প্রস্তাব করতে পারবেন না; [ধারা ৪ (২)-খ]

৫। পণ্যসমূহের বিক্রয় উৎসাহিত বা প্রলুব্ধ করার লক্ষ্যে পণ্যসমূহের প্রস্তুতকারী কর্তৃক আয়োজিত বা তাদের সহায়তা বা স্পন্সরশীপে সেমিনার, কনফারেন্স, সিম্পোজিয়াম, কর্মশালা, প্রশিক্ষণ, বৈজ্ঞানিক সভা, শিক্ষা সফর বা আন্তর্জাতিক সম্মেলনে যোগদানসহ উচ্চশিক্ষায় বা গবেষণামূলক কর্মকান্ডে অংশগ্রহণের জন্য কোনো ব্যক্তি বা স্বাস্থ্যসেবা কেন্দ্রের কর্মকর্তা-কর্মচারী বা স্বাস্থ্যকর্মীকে কোনোরূপ আর্থিক বা অন্যকোনো সুবিধা প্রদান করতে পারবেন না; [ধারা ৪ (২)-খ (আ) বিধি-৩ (গ)]

৬। পণ্যসমূহের বিক্রয় উৎসাহিত বা প্রলুব্ধ করার লক্ষ্যে কোনো স্বাস্থ্যকর্মী বা তার পরিবারের সদস্যকে আর্থিক প্রলোভন প্রদর্শন বা অন্যকোনো উপহার প্রদান করতে পারবেন না; [ধারা ৪ (২)- খ (ই)]

৭। পণ্যসমূহের বিক্রয় উৎসাহিত বা প্রলুব্ধ করার লক্ষ্যে কোনো স্বাস্থ্যসেবা কেন্দ্র বা ঔষধ বিক্রয় কেন্দ্র ব্যবহার করবেন না; [ধারা ৪ (২)- খ (ঈ)]

৮। শিশুদের জন্য কোনো ধরনের প্রতিযোগিতা বা অনুষ্ঠানের আয়োজন করবেন না বা অন্য কোনোরূপ সহায়তা প্রদান করবেন না; [ ধারা ৪ (২)- গ]

৯। পণ্যসমূহ মাতৃদুগ্ধ অপেক্ষা উত্তম বা মাতৃদুগ্ধের সমকক্ষ-এরকম ধারনা বা বিশ্বাস সৃষ্টির উদ্দেশ্যে কোনো কর্মসূচি পরিচালনা করতে পারবেন না; [ধারা ৪ (২)-ঘ]

১০। কোনো গর্ভবতী মহিলা, মাতৃদুগ্ধ দানকারী বা শিশুর মায়েদের সাথে সরাসরি যোগাযোগ করতে পারবেন না বা তাদের কোনো ধরনের প্রলোভনমূলক প্রস্তাব করতে পারবেন না; [ধারা ৪ (২)-ঙ]

১১। যেকোনো পণ্যের বিশেষতঃ শিশু পণ্যের প্রচার সময় আইনের আওতাধীন চারটি পণ্য সম্পর্কিত কোনো লিফলেট বা উপহারসামগ্রী বিতরণ করতে পারবেন না; [ধারা ৪ (২)-চ]

১২। দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২-এ সংজ্ঞায়িত দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্থ বা বিপদাপন্ন মহিলা, সদ্যপ্রসবা মহিলা, নবজাতক বা অনুর্ধ্ব ৫ (পাঁচ) বছর বয়সের কোনো শিশুকে সুরক্ষা প্রদান বা ঝুঁকি হ্রাস করার জন্য আইনের আওতাধীন পণ্যসমূহ কোনো প্রতিষ্ঠান বা আশ্রয়কেন্দ্রে বিতরণ করা যাবে না; [ধারা ৪ (২)-ছ]

১৩। চারটি পণ্যের কোনো নমুনা শিশু, শিশুর মা বা তাদের পরিচর্যাকারী বা কোনো স্বাস্থ্যকর্মীকে প্রদান করতে পারবেন না; [বিধি ৩ (ক)]

১৪। বোতলের দুধ খাওয়ানোর শ্রেষ্ঠতার বিষয়ে কোনো বক্তৃতা বা বিবৃতি প্রদান এবং ছবি প্রদর্শন করতে পারবেন না; [বিধি ৩-(খ)]

১৫। মাতৃদুগ্ধ বিকল্প, শিশুখাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্যের পুষ্টিমান বা এর ঝুঁকিমুক্ততা সম্পর্কিত বা শিশুর শারীরিক ও মানসিক উৎকর্ষতার প্রলোভন সম্বলিত বিভ্রান্তিকর শিশুস্বাস্থ্য বিষয়ক বার্তা প্রেরণ বা তথ্য প্রচারের লক্ষ্যে আয়োজিত কোনো কর্মসূচিতে সহযোগিতা বা অর্থায়ন করতে পারবেন না; [বিধি ৩-(ঘ)]

১৬। পণ্যসমূহের প্রচার প্রচারণার লক্ষ্যে কোনো বিশেষ সপ্তাহ বা দিবস পালন করতে পারবেন না; [বিধি ৩-(ঙ)]

১৭। পণ্যসমূহের বিক্রয়ের পরিমাণের উপর কোনো স্বাস্থ্যসেবা কেন্দ্রের কর্মচারী বা কোনো বিক্রেতাকে কমিশন, আর্থিক সুবিধা বা উপহারসামগ্রী প্রদান করতে পারবেন না; [বিধি ৩-(চ)]

১৮। মাতৃ ও শিশু স্বাস্থ্য, খাদ্য ও পুষ্টির বিষয়ে কোনো তথ্যমূলক ও শিক্ষামূলক কার্যক্রমে সহায়তা বা অংশগ্রহণ, তথ্য প্রচার বা প্রকাশনা করতে পারবেন না এবং এই লক্ষ্যে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নিয়োজিত করবেন না; [বিধি ৩-(ছ)]

১৯। অনুমোদিত মোড়ক ব্যতীত অনুর্ধ্ব ৫ (পাঁচ) বছরের শিশুদের উপযোগী মাতৃদুগ্ধ বিকল্প, শিশুখাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বিপণন, বিক্রয় বা বিতরণ করবেন না; [ধারা ৬, বিধি ৫]

বর্ণিত বিধি-নিষেধসমূহের যেকোনোটি লংঘন করা হলে আইনানুযায়ী তা অপরাধ হিসাব গণ্য হবে এবং লংঘনকারী অনুর্ধ্ব ৩ (তিন) বৎসর কারাদন্ড বা অনুর্ধ্ব ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদন্ড বা উভয় দন্ডে দন্ডিত হবেন।

সংশ্লিষ্ট সকল ব্যক্তিকে সতর্কীকরণ এবং আইনের যথাযথ প্রয়োগ নিশ্চিত করার লক্ষ্যে বিজ্ঞপ্তি জারি করা হলো।

7/3/23

অধ্যাপক ডা. শাহ গোলাম নবী
পরিচালক
জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং-আইপিএইচএন/বিএমএস-বিবিধ/২০১৮/৪৮/২১৫ তারিখঃ ০৭/০৩/২০২৩ইং

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় [দৃ: আ: সচিবের একান্ত সচিব]।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [(দৃ: আ: সহকারি পরিচালক (সমন্বয়)]।
৩। অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৪। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। পরিচালক (হাসপাতাল) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

বিতরণ (কার্যার্থে):-

১। ওয়েব পোর্টাল;
২। বিএমএসএসআর কমিটি (সকল সদস্য);
৩। মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য ও বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্যের নিবন্ধনের জন্য আবেদনকারী (সকল);

7/3/23

পরিচালক
জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান
মহাখালী, ঢাকা-১২১২।